রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩১৬—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

২। জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোহাম্মদ শফিউল আলম**
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ১৮ আশ্বিন ১৪২৫ / ০৩ অক্টোবর ২০১৮

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

জনাব মোঃ ওসমান গণি ১৯৪৯ সালে ২০ মে তারিখে ঢাকার তেজগাঁয় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সিদ্ধেশ্বরী উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং সরকারি তিতুমীর কলেজ থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

জনাব মোঃ ওসমান গণি ১৯৬৬ সালে সাতারকুল ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়ে রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। ১৯৬৯ সালে তিনি তেজগাঁ থানা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। একাত্তরের মুক্তিযুদ্ধে বলিষ্ঠ সংগঠক হিসাবেও তাঁর ব্যাপক পরিচিতি ছিল। জনাব মোঃ ওসমান গণি ১৯৭৩ সালে সরকারি তিতুমীর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগের মনোনয়নে সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচিত হন। পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মম হত্যাকাণ্ডের পর অকুতোভয় এই বঙ্গবন্ধু-অনুসারী গুলশান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে প্রশাসনিক ইউনিট হিসাবে গুলশান থানা গঠিত হওয়ার পর তিনি গুলশান থানা আওয়ামী লীগের সর্বপ্রথম গঠিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ঢাকা উত্তর আওয়ামী লীগের এক নম্বর সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ ওসমান গণি দু'বার বাড্ডা থানা আওয়ামী লীগের সভাপতি হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি ২৮ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কের্পোরেশনের প্রথম নির্বাচনে ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচিত হন। পরে মেয়র জনাব আনিসুল হকের মৃত্যুর পর সরকার কর্তৃক মনোনীত হয়ে তিনি ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন। দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের মাধ্যমে নগরের বিভিন্ন সমস্যা নিরূপণ ও সমাধানে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

ব্যক্তিজীবনে জনাব মোঃ ওসমান গণি ছিলেন অমায়িক, সৎ ও অনাড়ম্বর জীবন যাপনে অভ্যস্ত একজন রাজনীতিবিদ। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দপূর্ণ সম্পর্ক। কর্মজীবনে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন। তাঁর মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ জনপ্রতিনিধি ও জনসেবককে হারাল।

মন্ত্রিসভা জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩১৬—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

২। জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোহাম্মদ শফিউল আলম**
মন্ত্রিপরিষদ সচিব


মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ১৮ আশ্বিন ১৪২৫ / ০৩ অক্টোবর ২০১৮

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

জনাব মোঃ ওসমান গণি ১৯৪৯ সালে ২০ মে তারিখে ঢাকার তেজগাঁয় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সিদ্ধেশ্বরী উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং সরকারি তিতুমীর কলেজ থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

জনাব মোঃ ওসমান গণি ১৯৬৬ সালে সাতারকুল ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়ে রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। ১৯৬৯ সালে তিনি তেজগাঁ থানা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। একাত্তরের মুক্তিযুদ্ধে বলিষ্ঠ সংগঠক হিসাবেও তাঁর ব্যাপক পরিচিতি ছিল। জনাব মোঃ ওসমান গণি ১৯৭৩ সালে সরকারি তিতুমীর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগের মনোনয়নে সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচিত হন। পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মম হত্যাকাণ্ডের পর অকুতোভয় এই বঙ্গবন্ধু-অনুসারী গুলশান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে প্রশাসনিক ইউনিট হিসাবে গুলশান থানা গঠিত হওয়ার পর তিনি গুলশান থানা আওয়ামী লীগের সর্বপ্রথম গঠিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ঢাকা উত্তর আওয়ামী লীগের এক নম্বর সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ ওসমান গণি দু'বার বাড্ডা থানা আওয়ামী লীগের সভাপতি হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি ২৮ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কের্পোরেশনের প্রথম নির্বাচনে ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচিত হন। পরে মেয়র জনাব আনিসুল হকের মৃত্যুর পর সরকার কর্তৃক মনোনীত হয়ে তিনি ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন। দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের মাধ্যমে নগরের বিভিন্ন সমস্যা নিরূপণ ও সমাধানে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

ব্যক্তিজীবনে জনাব মোঃ ওসমান গণি ছিলেন অমায়িক, সৎ ও অনাড়ম্বর জীবন যাপনে অভ্যস্ত একজন রাজনীতিবিদ। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দপূর্ণ সম্পর্ক। কর্মজীবনে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন। তাঁর মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ জনপ্রতিনিধি ও জনসেবককে হারাল।

মন্ত্রিসভা জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: *০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩১৬*—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

২। জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোহাম্মদ শফিউল আলম**
মন্ত্রিপরিষদ সচিব



মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ১৮ আশ্বিন ১৪২৫ / ০৩ অক্টোবর ২০১৮

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

জনাব মোঃ ওসমান গণি ১৯৪৯ সালে ২০ মে তারিখে ঢাকার তেজগাঁয় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সিদ্ধেশ্বরী উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং সরকারি তিতুমীর কলেজ থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

জনাব মোঃ ওসমান গণি ১৯৬৬ সালে সাতারকুল ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়ে রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। ১৯৬৯ সালে তিনি তেজগাঁ থানা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। একাত্তরের মুক্তিযুদ্ধে বলিষ্ঠ সংগঠক হিসাবেও তাঁর ব্যাপক পরিচিতি ছিল। জনাব মোঃ ওসমান গণি ১৯৭৩ সালে সরকারি তিতুমীর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগের মনোনয়নে সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচিত হন। পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মম হত্যাকাণ্ডের পর অকুতোভয় এই বঙ্গবন্ধু-অনুসারী গুলশান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে প্রশাসনিক ইউনিট হিসাবে গুলশান থানা গঠিত হওয়ার পর তিনি গুলশান থানা আওয়ামী লীগের সর্বপ্রথম গঠিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ঢাকা উত্তর আওয়ামী লীগের এক নম্বর সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ ওসমান গণি দু'বার বাড্ডা থানা আওয়ামী লীগের সভাপতি হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি ২৮ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কের্পোরেশনের প্রথম নির্বাচনে ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচিত হন। পরে মেয়র জনাব আনিসুল হকের মৃত্যুর পর সরকার কর্তৃক মনোনীত হয়ে তিনি ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন। দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের মাধ্যমে নগরের বিভিন্ন সমস্যা নিরূপণ ও সমাধানে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

ব্যক্তিজীবনে জনাব মোঃ ওসমান গণি ছিলেন অমায়িক, সৎ ও অনাড়ম্বর জীবন যাপনে অভ্যস্ত একজন রাজনীতিবিদ। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দপূর্ণ সম্পর্ক। কর্মজীবনে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন। তাঁর মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ জনপ্রতিনিধি ও জনসেবককে হারাল।

মন্ত্রিসভা জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: *০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.৩১৬*—ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

২। জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোহাম্মদ শফিউল আলম**
মন্ত্রিপরিষদ সচিব


মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ১৮ আশ্বিন ১৪২৫ / ০৩ অক্টোবর ২০১৮

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র জনাব মোঃ ওসমান গণি গত ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বছর।

জনাব মোঃ ওসমান গণি ১৯৪৯ সালে ২০ মে তারিখে ঢাকার তেজগাঁয় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সিদ্ধেশ্বরী উচ্চ বিদ্যালয় হতে মাধ্যমিক এবং সরকারি তিতুমীর কলেজ থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

জনাব মোঃ ওসমান গণি ১৯৬৬ সালে সাতারকুল ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়ে রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। ১৯৬৯ সালে তিনি তেজগাঁ থানা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। একাত্তরের মুক্তিযুদ্ধে বলিষ্ঠ সংগঠক হিসাবেও তাঁর ব্যাপক পরিচিতি ছিল। জনাব মোঃ ওসমান গণি ১৯৭৩ সালে সরকারি তিতুমীর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে বাংলাদেশ ছাত্রলীগের মনোনয়নে সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচিত হন। পঁচাত্তরের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মম হত্যাকাণ্ডের পর অকুতোভয় এই বঙ্গবন্ধু-অনুসারী গুলশান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। পরবর্তী সময়ে প্রশাসনিক ইউনিট হিসাবে গুলশান থানা গঠিত হওয়ার পর তিনি গুলশান থানা আওয়ামী লীগের সর্বপ্রথম গঠিত কমিটির সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ঢাকা উত্তর আওয়ামী লীগের এক নম্বর সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ ওসমান গণি দু'বার বাড্ডা থানা আওয়ামী লীগের সভাপতি হিসাবে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি ২৮ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কের্পোরেশনের প্রথম নির্বাচনে ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচিত হন। পরে মেয়র জনাব আনিসুল হকের মৃত্যুর পর সরকার কর্তৃক মনোনীত হয়ে তিনি ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র হিসাবে দায়িত্বপ্রাপ্ত হন। দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন পদক্ষেপ ও পরিকল্পনা গ্রহণের মাধ্যমে নগরের বিভিন্ন সমস্যা নিরূপণ ও সমাধানে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

ব্যক্তিজীবনে জনাব মোঃ ওসমান গণি ছিলেন অমায়িক, সৎ ও অনাড়ম্বর জীবন যাপনে অভ্যস্ত একজন রাজনীতিবিদ। সহকর্মীদের সঙ্গে তাঁর ছিল অত্যন্ত সৌহার্দপূর্ণ সম্পর্ক। কর্মজীবনে তিনি তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করে গেছেন। তাঁর মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ জনপ্রতিনিধি ও জনসেবককে হারাল।

মন্ত্রিসভা জনাব মোঃ ওসমান গণির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd